



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 4ঠা জুলাই এর সপ্তাহান্তে স্টেট পার্ক সুইমিং পুল খোলার ঘোষণা করলেন  
গ্রাহকদের সামাজিক দূরত্বের অনুশীলন করতে এবং নিয়ম মেনে চলতে স্মরণ করিয়ে দেওয়া হয়  
জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে স্টেট পার্ক পুলিশ ও পরিচালনা কর্মীরা গ্রাউন্ডে টহল দেবেন  
নিষেধাজ্ঞা এবং নিরাপত্তা ব্যবস্থা পুল এবং বিনোদনমূলক জলজ স্পেস গ্রাউন্ডের জন্য নিউ ইয়র্ক  
স্টেট স্বাস্থ্য বিভাগের অন্তর্বর্তীকালীন নির্দেশিকার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ দপ্তরের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) আদর্শ পরিচালনার সময়সূচীর অধীনে নিউ ইয়র্ক জুড়ে রাষ্ট্রীয় বহিরঙ্গন পুলগুলি 4ঠা জুলাই এর সপ্তাহান্তে সাঁতারের জন্য খোলা হবে। পুল-যাত্রীদের সামাজিক দূরত্ব অনুশীলন করতে, নিয়মগুলিকে সম্মান করতে, এবং পুলের অঞ্চলকে সবার জন্য নিরাপদ রাখার জন্য তাদের কাজ করতে মনে করিয়ে দেওয়া হয়। পুলের ধারণক্ষমতা হ্রাস করা হবে এবং দ্রুত ভরে যাবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্কবাসীদের অন্যান্য গন্তব্যের বিকল্প প্রস্তুত রেখে আগ্রিম পরিকল্পনা করার অনুরোধ করা হয়।

"যখন আমরা চৌঠা জুলাই এর উদযাপনের জন্য প্রস্তুত হচ্ছি, তখন আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে নিউ ইয়র্কবাসীরা এই মহামারীর বক্ররেখাকে সমতল করতে কী পরিমাণ ত্যাগ করেছেন এবং আমরা যা কিছু করি সে ব্যাপারে সতর্ক থাকতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "এই ভাইরাসটি ছুটি নেয় না, এবং তাই আমি নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি যারা সুইমিং পুল পরিদর্শন করছেন, তারা যেন নিজেদের এবং একে অপরকে রক্ষা করতে সামাজিক দূরত্বের নির্দেশিকা অনুসরণ করেন। যখন আপনি পুলে নেই, যদি আপনি সামাজিকভাবে দূরত্ব বজায় না রাখতে পারেন, একটি মুখশ পরে থাকুন। মোদা কথা হল সজাগ থাকুন এবং বাইরে কিছু সময় উপভোগ করার সময় নিরাপদে থাকুন।"

স্টেট পার্ক পুলিশ এবং পরিচালনার কর্মীরা সামাজিক দূরত্ব এবং ভিড় নিয়ন্ত্রণ ব্যবস্থা মেনে চলা নিশ্চিত করতে ধারণক্ষমতা নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে।

জনস্বাস্থ্য রক্ষার জন্য নিম্নলিখিত সামাজিক দূরত্ব নির্দেশিকা বলবৎ:

- সম্ভাব্য কন্টাক্ট ট্রেসিং ব্যবস্থা সক্রিয় করতে দর্শনার্থীদের যোগাযোগের তথ্য দিয়ে সাইন-ইন করতে বলা হবে।
- পুলের ধারণক্ষমতা 50 শতাংশে সীমাবদ্ধ থাকবে সেই সকল সাঁতারুদের মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখতে যারা একই বাড়ি বা পারিবারিক সদস্য নয়।
- লাউঞ্জ চেয়ার, বেঞ্চ এবং পিকনিক টেবিল অন্যদের থেকে 10 ফুট দূরে রাখা হবে।
- আংশিক ভাবে ঘেরা বা ঢাকা বহিরঙ্গন এলাকা সহ অভ্যন্তরীণ বিল্ডিং স্পেসে সব সময় মুখের আবরণ বা মুখোশ পরতে হবে; এবং কখনও কখনও বাইরে (পুল ব্যতীত) যদি সামাজিক দূরত্ব বজায় রাখা না যায় বা বজায় রাখার সম্ভাবনা কম থাকে।
- 10 জন বা তার বেশী মানুষের কোনো গ্রুপ জমায়েতের অনুমতি দেওয়া হবে না।

সাঁতারের প্রাপ্যতা পার্কের ওপর নির্ভর করে। দর্শনার্থীরা পরিদর্শনের আগে স্বতন্ত্র পার্কের সাঁতার পরিচালনার সময় জেনে নিতে পারেন। সুইমিং পুল সহিত স্টেট পার্কগুলির একটি তালিকা [এখানে](#) পাওয়া যাবে।

বিশ্রামাগারের সুবিধা প্রতিষ্ঠিত প্রোটোকল এবং নির্দেশিকা অনুযায়ী পরিষ্কার করা হবে এবং পার্কের কর্মীরা কম ধারণক্ষমতার লক্ষ্য অর্জন করতে এবং ঘনত্ব কমাতে ট্রাফিক প্রবাহ পরিচালনা করতে সাহায্য করবেন। শৌচাগার এবং স্নানাগার এবং অন্যান্য উচ্চ স্পর্শ করা/সর্বজনীন এলাকা অনুমোদিত বর্ধিত পরিষ্করণের পণ্য ব্যবহার করে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হবে।

নিউ ইয়র্ক স্টেট পার্কগুলি সপ্তাহান্তের কার্যক্রম পর্যালোচনা করবে এবং জনগণ এবং পার্কের কর্মীদের সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় যে কোন সমন্বয় সাধন করবে।

## যাওয়ার আগে জেনে নিন

নিউ ইয়র্কবাসীদের দূরত্বপূর্ণ পরামর্শ দেওয়া হয় সময়ের আগে পুল পরিদর্শন এবং বহিরঙ্গন অভিযানের পরিকল্পনা করতে এবং গন্তব্যের অন্য বিকল্প বেছে নিতে যদি তাদের প্রথম পছন্দের স্থান বন্ধ থাকে বা ভিড় হয়। পার্কের ধারণক্ষমতা বন্ধ হওয়ার অ্যালার্টের জন্য [parks.ny.gov](http://parks.ny.gov) এবং 511NY দেখুন।

নিউ ইয়র্ক স্টেট পার্ক এক্সপ্লোরার অ্যাপটি দর্শকদের জন্য একটি বিনামূল্যে, ব্যবহারকারী-বান্ধব সম্পদ যার সাহায্যে দীর্ঘদিনের প্রিয় পার্ক এবং সাইটের সাথে সংযুক্ত থাকার সাথে বহিরঙ্গন অভিযানের পরিকল্পনা করা যায়। ব্যবহারকারীরা সেরা গন্তব্য সম্পর্কে আরও জানতে পারবেন এবং আবর্তিত কিউরেট করা বিষয়বস্তু সহ নতুন আকর্ষণীয় অবস্থান আবিষ্কার করতে পারবেন, এবং নির্দেশনা, পরিচালনার সময়, সুবিধাদি, ফি এবং হার, ট্রেইল ম্যাপ, সহায়ক জাওয়ার আগে জেনে

নেওয়ার বিবরণ সহ দ্রুত পার্ক সম্পর্কিত তথ্য পাবেন, এবং গুরুত্বপূর্ণ আপডেট এবং সতর্কতা উপভোগ করতে পারবেন।

দর্শনার্থীরা সরাসরি অনলাইন ক্যাম্পিং রিজার্ভেশনের সাথে লিঙ্ক করতে পারেন এবং তাদের অভিজ্ঞতা শেয়ার করতে সিলেক্ট স্টেট পার্কের সোশ্যাল মিডিয়া চ্যানেলে সহজেই প্রবেশ করতে পারেন। নিউ ইয়র্ক স্টেট পার্ক এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি iOS এবং অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য ডাউনলোড করার জন্য বিনা মূল্যে উপলব্ধ। ডাউনলোড করতে দেখুন:

<https://play.google.com/store/apps/details?id=gov.ny.its.nysparks> বা <https://apps.apple.com/us/app/ny-state-parks-explorer/id1496803341>

জনস্বাস্থ্য সংকটের সময় নিউ ইয়র্ক স্টেট পার্ক পরিদর্শন সম্পর্কে তথ্যের জন্য দেখুন: <https://parks.ny.gov/covid19>

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)